যুগান্তর

তারিখ : 17-SEP-2015
পৃষ্ঠা : ২ কলাম : ১

# জাবির ১০ শিক্ষার্থী ৩ দিন ধরে নিখোঁজ

**জাবি প্রতিনিধি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ১০ শিক্ষার্থীকে গত তিন দিন ধরে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। সোমবারের পর থেকে তাদের কাউকেই আর ক্যাম্পাসে দেখা যায়নি। এমনকি মোবাইল ফোনেও তাদের কারও সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। নিখোঁজ শিক্ষার্থীরা হলেন— ৪১তম ব্যাচের এআর জুয়েল (সাংবাদিকতা বিভাগ), বনি আলম (ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং), ৪২তম ব্যাচের রবিউল ইসলাম (নগর অঞ্চল ও পরিকল্পনা বিভাগ), তালহা জুবায়ের (গণিত বিভাগ); অনিক (ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ), আদনান সৌম্য (ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ), তানভির আহমেদ (গণিত বিভাগ), ৪৩তম ব্যাচের সৈয়দ নায়েব (দর্শন বিভাগ), মিনহাজুল আরেফিন সমিও (ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ) এবং অলি (ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ)। নিখোঁজ ১০ শিক্ষার্থীই বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের আবাসিক শিক্ষার্থী। তারা সবাই ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত। এদিকে একসঙ্গে ১০ জনের নিখোঁজ হওয়ার ঘটনায় ক্যাম্পাসে চাপা উত্তেজনা বিরাজ করছে। নিখোঁজ শিক্ষার্থীদের স্বজনরা তাদের খোঁজ না পেয়ে দিশেহারা হয়ে পড়েছেন। নিখোঁজ শিক্ষার্থীরা সবাই কমবেশি ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত থাকায় বিভিন্ন আশংকা করছেন অনেকেই। সোমবার সকালে তারা সবাই তাদের এক বড় ভাইয়ের বিয়েতে যাওয়ার কথা বলে একসঙ্গে হল থেকে বের হয়ে যান। তারপর থেকে তাদের সঙ্গে মোবাইল ফোনে বা অন্য কোনো মাধ্যমে যোগাযোগ করা সম্ভব হয়নি। তবে তাদের মধ্যে দু'জন ফেসবুকে দুটি স্ট্যাটাস পোস্ট করেছেন। তালহা জুবায়ের (গণিত বিভাগ) সোমবার সকাল ৯টা ২৩ মিনিটে ফেসবুকে লেখেন ট্রাভেলিং টু সম্ভবত কোনো এক জায়গায় : একটি সম্পূর্ণ পরিকল্পনাহীন ঘোরাঘুরি।